

কোস্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। ২৪ মার্চ, ২০২০ খৃস্টাব্দ।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সংস্থার সকল কর্মী
হতে : উপ নির্বাহী পরিচালক
বিষয়: : করোনাভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধে সংস্থার আচরণবিধি (Code of Conducts) পালন না করলে সংস্থা থেকে পদক্ষেপসমূহ প্রসঙ্গে।


প্রিয় সহকর্মীবৃন্দ,

আপনাদের সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, গত ১৯ মার্চ, ২০২০ তারিখে জারিকৃত করোনাভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধে সংস্থার আচরণবিধি কোনও কোনও কর্মী মানছেন না। তাই এ সংক্রান্ত বিষয়গুলো সম্পর্কে সংস্থার পদক্ষেপসমূহ নিম্নে বর্ণিত হলো:

১. আচরণ বিধিগুলো নিয়ে আজ এবং কাল আলাদাভাবে কর্মী এবং কমন সার্ভিস ওর্গানাইজারদের (সিএসও) সাথে মিটিং করবেন যাতে করে সকল কর্মী বাধ্যতামূলকভাবে আচরণবিধিসমূহ পালন করেন।
২. এখানে উল্লেখ্য যে, আচরণবিধিগুলো না মানার কারণে তিনি যেমন তার নিজের বিপদ ডেকে আনছেন ঠিক তেমনি তিনি আপনাদেরও বিপদে ফেলছেন।
৩. কেউ যদি আচরণবিধিসমূহ না মানেন তাহলে নিম্নস্বাক্ষরকারীকে অনতিবিলম্বে জানাতে হবে এবং তার বিরুদ্ধে বরখাস্তকরণ (Dismissal) প্রক্রিয়া গ্রহণ করা হবে।
৪. আপনার যদি সর্দি, কাশি হয় তাহলে মাস্ক পড়বেন। আর সর্দি, কাশির সাথে শ্বাস কষ্ট ও যদি মুখে অরুচি থাকে তাহলে আপনি কোয়ারেন্টিনে চলে যাবেন এবং দূত আইইডিসআর (IEDCR) এর হট লাইনে যোগাযোগ করবেন।
৫. ফেরদৌস আরা রুমী করোনাভাইরাস (কোভিড-১৯) বিষয়ক যোগাযোগের সকল হট লাইন আপনাদের কাছে আজই পাঠাবেন। এগুলো অফিসের এমন জায়গায় টানাবেন যাতে সকলে দেখতে পান। এটির একটি কপি ছুটির সময় আপনি বাড়িতে নিয়ে যাবেন এবং আপনার পরিবারের সদ্যদেরকেও জানাবেন।
৬. সামাজিক দূরত্ব বজায় রাখুন এবং নিজেকে ও অন্যকে কোভিড-১৯ থেকে মুক্ত রাখুন।
৭. এ সার্কুলারটি অনতিবিলম্বে কার্যকর হবে এবং এ বিষয়ে কোন বিষয় জানার থাকলে মোস্তফা কামাল আকন্দ (০১৭১১ ৪৫৫৫৯১) অথবা ফেরদৌস আরা রুমী (০১৭১৩ ০২৮৮১০) এর সাথে যোগাযোগ করুন।

এ ব্যাপারে আপনাদের সকলের সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ



সনত কুমার ভোঁমিক

24 MAR 2020

অনুলিপি

নির্বাহী পরিচালক

সকল পরিচালক

অফিস কপি